

Class -XII : Education : Term-I (Half yearly) : 2021-22 : Marks - 40

I. সঠিক উত্তরটি নির্বাচন করো : (MCQ)

1 x 10 = 10

1। 'যতদিন বাঁচি ততদিন শিখি' -উক্তিটি করেছেন—

- (a) স্বামী বিবেকানন্দ (b) গান্ধিজী (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) রামকৃষ্ণ

2। 'শিক্ষা হল দর্শনের গভীর অভিব্যক্তি— কথাটি বলেছেন—

- (a) জন ডিউই (b) জন এডামস (c) অ্যারিস্টটল (d) রুশো

3। 'Educare' - কথাটির অর্থ হল—

- (a) শিক্ষা দান করা (b) শিক্ষা দেওয়া (c) পরিচর্যা করা (d) এগিয়ে নিয়ে যাওয়া

4। 'এমিল' - গ্রন্থের রচয়িতা হলেন—

- (a) জোহান হেনরিক পেন্ডালৎসি (b) জঁ জ্যাকুইস রুশো (c) ফ্রেডারিক ফ্রেয়েবল (d) মারিয়া মন্তেসরি

5। 'কিন্ডার গার্ডেন' কথার অর্থ হল—

- (a) শিশু নিকেতন (b) শিশুভবন (c) শিশু উদ্যান (d) শিশুগৃহ

6। বুদ্ধি পরিমাপের একককে বলা হয়—

- (a) মানসিক ক্ষমতা (b) বুদ্ধ্যক্ষ (c) সাধারণ মানসিক ক্ষমতা (d) আগ্রহ।

7। 'Abilities of Man' - গ্রন্থটি লিখেছেন —

- (a) থার্স্টোন (b) থমপসন (c) স্পিয়ারম্যান (d) থর্নডাইক

8। সহ-পাঠ্যক্রমিক কার্যাবলীর পূর্বে নাম ছিল—

- (a) পাঠ্যসূচী (b) বহিঃপাঠ্যক্রমিক কার্যাবলী (c) পাঠটীকা (d) পাঠ্যক্রম।

9। অন্তর্জাত শৃঙ্খলার অপর নাম হল—

- (a) স্বতঃপ্রণোদিত শৃঙ্খলা (b) স্বাভাবিক শৃঙ্খলা (c) মুক্ত শৃঙ্খলা (d) আরোপিত শৃঙ্খলা।

10। 'মূল্যবোধের' প্রকৃত অর্থ হল—

- (a) দাম দেওয়া (b) মূল্য দেওয়া (c) শ্রদ্ধা প্রদান করা (d) মর্যাদা প্রদান করা।

II. পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর দাও ?

1 x 20 = 20

11। দর্শনের প্রাচীনতম শাখাটির নাম কি ?

12। প্রয়োগবাদ' দর্শনের জনক কাকে বলা হয় ?

13। প্রণায়াম কি ?

14। প্রত্যাভিজ্ঞা কাকে বলে ?

15। আধুনিক 'শিশুকেন্দ্রিক' শিক্ষার জনক কে ?

16। 'শিক্ষা হল ব্যক্তির অন্তর্নিহিত সত্তার পরিবর্তন? — উক্তিটি কার ?

17। 'উপহার' ও 'কাজকে' শিক্ষায় কে অন্তর্ভুক্ত করেন ?

18। 'Children house' নামক বিদ্যালয়টির প্রতিষ্ঠাতা কে ছিলেন ?

- 19। ফ্রয়েবল কবে জন্মগ্রহণ করেন?
- 20। ‘কাসা-দাই বামবিগি’— কথাটির অর্থ কি?
- 21। মানসিক বয়স সংক্রান্ত ধারনার জনক কে?
- 22। দুটি বৌদ্ধিক কাজের উদাহরণ দাও।
- 23। স্পিয়ারম্যানের টেস্টাড সমীকরণটি লেখো।
- 24। বুদ্ধি কি জাতীয় ক্ষমতা?
- 25। বুদ্ধ্যক্ষ পরিমাপের সূত্রটি কি?
- 26। প্রাচীন ধারণা অনুযায়ী শৃঙ্খলা বলতে কি বোঝ?
- 27। মূল্যবোধ বা Value শব্দটির আক্ষরিক অর্থ কি?
- 28। শৃঙ্খলার আধুনিক ধারনার প্রবর্তক কে?
- 29। ‘Spare the Rod and spoil the Child’ –এ কথাটির অর্থ কি?
- 30। দুটি সৃজনাত্মক সহঃপাঠ্যক্রমিক কাজের উদাহরণ দাও।

III. সংক্ষেপে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

2 x 5 = 10

- 31। শিক্ষা শব্দের বৃৎপত্তিগত অর্থ নির্ণয় কর।
- 32। ‘উন্মেষণ তত্ত্ব’ কি?
- 33। সহঃপাঠ্যক্রমিক কার্যাবলী বলতে কি বোঝ?
- 34। সহজাত বৈষম্য কাকে বলে? উদাহরণ দাও।
- 35। সাধারণ মানসিক ক্ষমতা ও বিশেষ মানসিক ক্ষমতার দুটি পার্থক্য নির্দেশ করো।